

## 📖 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪০৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাশাহুদের পর উযু নষ্ট হলে।

### باب مَا جَاءَ فِي الرَّجُلِ يُحْدِثُ فِي التَّشَهُّدِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدٍ بْنُ مُوسَى الْمُلقَّبُ، مَرَدَوِيهِ قَالَ أَخْبَرَنَا ابْنُ الْمُبَارَكِ، أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ زِيَادٍ بْنُ أَنْعَمٍ، أَنَّ عَبْدَ الرَّحْمَنِ بْنَ رَافِعٍ، وَبَكْرَ بْنَ سَوَادَةَ، أَخْبَرَاهُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " إِذَا أَحْدَثَ - يَعْنِي الرَّجُلُ - وَقَدْ جَلَسَ فِي آخِرِ صَلَاتِهِ قَبْلَ أَنْ يُسَلِّمَ فَقَدْ جَازَتْ صَلَاتُهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ إِسْنَادُهُ لَيْسَ بِذَاكَ الْقَوِيِّ وَقَدْ اضْطَرَبُوا فِي إِسْنَادِهِ . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا . قَالُوا إِذَا جَلَسَ مِقْدَارَ التَّشَهُّدِ وَأَحْدَثَ قَبْلَ أَنْ يُسَلِّمَ فَقَدْ تَمَّتْ صَلَاتُهُ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِذَا أَحْدَثَ قَبْلَ أَنْ يَتَشَهَّدَ وَقَبْلَ أَنْ يُسَلِّمَ أَعَادَ الصَّلَاةَ . وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ . وَقَالَ أَحْمَدُ إِذَا لَمْ يَتَشَهَّدَ وَسَلَّمْ أَجْزَأُهُ لِقَوْلِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " وَتَحْلِيلُهَا التَّسْلِيمُ " وَالتَّشَهُّدُ أَهْوَنُ قَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي اثْنَتَيْنِ فَمَضَى فِي صَلَاتِهِ وَلَمْ يَتَشَهَّدَ . وَقَالَ إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ إِذَا تَشَهَّدَ وَلَمْ يُسَلِّمَ أَجْزَأُهُ . وَاحْتَجَّ بِحَدِيثِ ابْنِ مَسْعُودٍ حِينَ عَلَّمَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ التَّشَهُّدَ فَقَالَ " إِذَا فَرَعْتَ مِنْ هَذَا فَقَدْ قَضَيْتَ مَا عَلَيْكَ " . قَالَ أَبُو عِيسَى وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ زِيَادٍ بْنُ أَنْعَمٍ هُوَ الْإِفْرِيقِيُّ وَقَدْ ضَعَّفَهُ بَعْضُ أَهْلِ الْحَدِيثِ مِنْهُمْ يَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ وَأَحْمَدُ بْنُ حَنْبَلٍ .

বাংলা

৪০৮. আহমদ ইবনু মুহাম্মাদ (রহঃ) ..... আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ সালাতের শেষ বৈঠকে সালামের পূর্বে যদি কারো উযু (ওজু/অজু/অযু) বিনষ্ট হয়ে যায়, তবে সালাত (নামায/নামাজ) হয়ে যাবে। - আবু দাউদ ২৬,১৮১, তিরমিজী

হাদিস নম্বরঃ ৪০৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ঈসা তিরমিজী (রহঃ) বলেনঃ এই হাদীসটির সনদ তেমন শক্তিশালী নয়, এর সনদে ইখতিরাব রয়েছে। আলিমদের কেউ কেউ এই হাদীস অনুসারে অভিমত দিয়েছেন। তারা বলেনঃ তাশাহুদ পরিমাণ সময় যদি কোন মুসল্লি বসে এবং সালামের পূর্বে তার উযু বিনষ্ট হয়ে যায়, তার সালাত পূর্ণ হয়ে যাবে। কতক আলিম বলেনঃ তাশাহুদ পাঠের পূর্বে বা সালামের পূর্বে যদি কারো উযু বিনষ্ট হয়ে যায়, তবে তাকে পুনরায় আদায় করতে হবে। এ হ'ল ইমাম শাফিঈ-এর অভিমত। ইমাম আহমদ (রহঃ) বলেনঃ যদি তাশাহুদ না পড়ে থাকে আর সালাম ফিরিয়ে নেয়, তবে এই অবস্থায়ও তার সালাত হয়ে যাবে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সালাত থেকে হালাল হওয়ার উপায় হ'ল সালাম। সালাতের ক্ষেত্রে তাশাহুদের বিষয়টি তো সালাম থেকেও নরম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার দুই রাকআতে দাঁড়িয়ে পড়েছিলেন। পরে সালাত শেষ করেন কিন্তু তাশাহুদ আর পড়েননি।

ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) বলেনঃ যদি একজন তাশাহুদ পড়ে নেয় আর সালাম না-ও ফেরায়, তবু তার সালাত হয়ে যাবে। তিনি ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটিকে প্রমাণ হিসেবে পেশ করেন। ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাশাহুদ শিখিয়েছিলেন, তখন বলেছিলেনঃ তুমি এ থেকে যখন ফারেগ হয়ে যাবে, তখন তুমি তোমার দায়িত্ব শেষ করে ফেললে। আবু ঈসা তিরমিজী (রহঃ) বলেন, রাবী আবদুর রহমান ইবনু যিয়াদ হলেন ইফরিকী। ইয়াহইয়া ইবনু সাঈদ আল-কাত্তান ও আহমদ ইবনু হাম্বল সহ কতক হাদীস বিশেষজ্ঞ তাকে যঈফ বলেছেন।

## English

Abdullah bin Amr narrated that:  
Allah's Messenger (S) said: "When he commits Hadath - meaning a man - and he is sitting in the end of his Salat before saying the Taslim, then his Salat is acceptable."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17597>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন